

দিতা আজ আমাদের শাপমুক্তি

(বঙ্গবন্ধু হত্যামামলার রায় ঘোষণার মুহূর্তঃ ৮ নভেম্বর ১৯৯৮)

ড. মুহাম্মদ সামাদ

দিতা, আজ আমাদের শাপমুক্তি
 আজ তোমার নির্মম হত্যামামলার রায়
 আজ আমার মা-ভাই-বোনদের হত্যামামলার রায়
 আজ বাঙালির কলঙ্কমোচন - আজ শাপমুক্তি
 দিতা, তোমার পাইপ চৌচির চশমা গুলিবিদ্ধ লাল পাঞ্জাবি
 দ্রিয় চিত্রল হরিণ গাভীর সজল সেখ আদরের পায়রারা
 তোমার রবীন্দ্র সংগীত বিদ্রোহী কবিতা
 তোমার টুংগীপাড়া তোমার বপ্রিশ নস্বরের রক্তধারা আজ প্রার্থনারত
 তোমার কৃষক তোমার শ্রমিক আজ প্রার্থনারত
 তোমার শিশুরা তোমার ছাত্ররা আজ প্রার্থনারত
 তোমার আহত মুক্তিযোদ্ধা বীরস্পনা কন্যা আজ প্রার্থনারত
 তোমার কবিরো - তোমার পাখিরা আজ প্রার্থনারত
 তোমার মেঘেরা তোমার আকাশ আজ প্রার্থনারত
 তোমার শসেচরা বৃক্ষরাজি তোমার সুন্দরবন আজ প্রার্থনারত
 তোমার পদ্মা মেঘনা যমুনা ব্রহ্মপুত্র আজ প্রার্থনারত
 তোমার উত্তাল বঙ্গোপসাগর আজ প্রার্থনারত
 তোমার মধুপুরের গড় গারোপাহাড়ের চূড়া আজ প্রার্থনারত
 তোমার মসজিদ মন্দির পদগোড়া গির্জা আজ প্রার্থনারত
 তোমার একুশে ফেব্রুয়ারি শহীদমিনার স্মৃতিসৌধ
 ছয়দফা উনসত্তরের গণঅভ্যুত্থান আজ প্রার্থনারত
 তোমার সাতই মার্চের রেসকোর্স জয় বাংলা মুক্তিযুদ্ধ স্বাধীনতা
 গণতন্ত্র সমাজতন্ত্র ধর্মনিরপেক্ষতা
 আবহমান বাঙালি-সংস্কৃতি আজ প্রার্থনারত



এই মেঘলা দুপুরে
 আমাদের সকলের কণ্ঠ যখন একটি কণ্ঠে জানাচ্ছে করুণ আর্তি -
 দিতা! আমরা আজন্ম পাদী - আমাদের ক্ষমা করো
 আমাদের ক্ষমা করো ক্ষমা করো ক্ষমা করো...
 চিক তখনই দীর্ঘ প্রতীক্ষার স্তব্ধতা ভাঙ্গিয়া
 'ভুলোক দুগলোক গোলক ভেদিয়া
 খোদার আসন আরশ ছেদিয়া'
 হঠাৎ তোমার বজ্রকণ্ঠে ধ্বনিত হলো - জয় বাংলা...
 অশ্রুসিক্ত আমরা সবাই আকাশের দিকে তাকলাম
 ঈশ্বরের চোখ বেয়ে অব্যাহার ধারায় নামলো আনন্দবৃষ্টি!